

# শিক্ষার্থীদের জন্য মাইক্রোসফটের বিনামূল্যের সফটওয়্যার

সোমবার ইন্ডিপেন্ডেন্ট বিশ্ববিদ্যালয়, বাংলাদেশে ও মাইক্রোসফটের মধ্যে একটি সমঝোতা স্মারক চুক্তি সম্পাদিত হয়েছে। এর মাধ্যমে ডিমস্পার্ক প্রোগ্রামের আওতায় বিশ্ববিদ্যালয়ের বিজ্ঞান, প্রযুক্তি, প্রকৌশল ও পরিবেশের সব শিক্ষার্থী, শিক্ষক, দাখিল ও কর্মচারীরা বিনামূল্যে মাইক্রোসফটের প্রায় সব সফটওয়্যারের সর্বশেষ ও শ্রেষ্ঠ ভার্সনগুলো বিনামূল্যে পাবেন।

সফটওয়্যারগুলোর মধ্যে সবচেয়ে উল্লেখযোগ্য হল উইন্ডোজ ৮, উইন্ডোজ সার্ভার ২০১২, ভিজুয়াল স্টুডিও ২০১২, এসকিউএল সার্ভার ২০১২, ওরকেল সার্ভার ২০১২, শেয়ারপয়েন্ট সার্ভার ২০১৩ প্রভৃতি শিক্ষার্থীপ্রতি হাজার হাজার ডলারের সফটওয়্যার বিনামূল্যে দেয়া হচ্ছে। পাশাপাশি উইন্ডোজ ৮ এবং উইন্ডোজ ফোনের ডেভেলপার অ্যাকাউন্টও বিনামূল্যে পাওয়া যাবে, ফলে শিক্ষার্থীরা সরাসরি তাদের অ্যাপ উইন্ডোজ ঠিকারে আপলোড করতে পারবেন। বিশ্ববিদ্যালয়টি তাদের শিক্ষার্থীদের অ্যাকাউন্ট তৈরি করে দেবে, যা দিয়ে তারা নিজেরা প্রয়োজন ও পছন্দমতো বৈধ সফটওয়্যার ডাউনলোড করে ব্যবহার করতে পারবেন। সেই সঙ্গে



বিশ্ববিদ্যালয়টিতে মাইক্রোসফট স্টুডেন্ট পার্টনার প্রোগ্রামটি শুরু করার ঘোষণা দেয়া হয়, এতে শিক্ষার্থীরা মাইক্রোসফটের কর্বকাওর সঙ্গে সরাসরি যুক্ত হতে পারবে। পাশাপাশি মাইক্রোসফট কি করে শিক্ষার্থীদের দক্ষতা উন্নয়নে অংশীদার হতে পারে তা নিয়ে বিশদ আলোচনা হয়। ইন্ডিপেন্ডেন্ট বিশ্ববিদ্যালয়, বাংলাদেশের পক্ষে স্বাক্ষর করেন উপাচার্য প্রফেসর এম. ওবয়দুল্লাহ এবং মাইক্রোসফট বাংলাদেশের পক্ষে ডিফ অ্যাপারটিং

অফিসার পূর্বদু হাননাগাকে। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন মাইক্রোসফট বাংলাদেশের টেকনিক্যাল ইন্ডিজেনিটিভ তানজিম দাবীব এবং বিশ্ববিদ্যালয়টির কম্পিউটার বিজ্ঞান ও প্রকৌশলের প্রধান ড. আনসী শিহাব সাকিব। অনুষ্ঠানে উপস্থিত সবাই মাইক্রোসফটের এই উদ্যোগের হৃদয়ঙ্গম প্রকাশনা করেন এবং ইন্ডিপেন্ডেন্ট বিশ্ববিদ্যালয়, বাংলাদেশের সঙ্গে সম্পর্কের উন্নয়নের সন্নিবিষ্ট কামনা করেন।

■ আইটি রিপোর্ট